ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৩৩৩

আগরতলা, ২১ জুন, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'শান্তিরবাজার এসডিএম অফিসে দালালরাজ' শিরোনামে ১১-০৬-২০২৫ তারিখে স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদের স্পষ্টিকরন দিয়ে শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক জানিয়েছেন যে, CLR সেকশনটি e-Jami Tripura Portal (http://jami.tripura.gov.in)-এর মাধ্যমে কাজ করে, যা নাকি ত্রিপুরা সরকারের ভূমি বন্দেবস্ত দপ্তরের অধীন। দ্বিতীয়ত, ০৫-০৬-২০২৫ তারিখে বিকাল ৪:০০ টা থেকে e-Jami Tripura পোর্টালটি টেকনিক্যাল সমস্যার কারণে অচল হয়ে পড়ে। সরকারি Whatsapp গ্রুপ এর মাধ্যমে ভূমি বন্দোবস্ত দপ্তরের কাছে ব্যাপারটি জানানো হয়েছে এবং দপ্তর এর উত্তরে জানিয়েছে, পোর্টালটি একবার ঠিক হয়ে গেলেই মহকুমাগুলিকে জানিয়ে দেওয়া হবে।

তাছাড়া জনসাধারণের জ্ঞাতার্থে CLR সেকশনের পক্ষ থেকে নোটিশ বোর্ডেও এব্যাপারে জানানো হয়েছে। তাই সংশ্লিষ্ট আধিকারিকরা তাদের দায়িত্ব পালন করছে না কিংবা জনগণের সমস্যার প্রতি নজর দিচ্ছে না সংবাদে যে অভিযোগ আনা হয়েছে তা সত্য নয় এবং বিভ্রান্তিমূলক। CLR সেকশনের একজন মহিলা কর্মী দীর্ঘদিন ধরে তার দায়িত্ব পালন করছেন না বলে অভিযোগটিও ভিত্তিহীন ও মানহানিকর। CLR সেকশনের সেই মহিলা সহ সমস্ত কর্মীই সেকশনের কাজকর্মকে গতিশীল রাখতে নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছে। তাই সংশ্লিষ্ট সংবাদটি সরকারকে অপবাদ দেওয়ার প্রচেষ্টা বলে প্রতিভাত হচ্ছে।

*****